

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৯.১৭-৯৪

তারিখঃ ০৫/০৭/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ কক্সবাজার মেডিকেল কলেজের অনুকূলে সরবরাহকৃত আসবাবপত্রের বিল পরিশোধ সংক্রান্ত।
সূত্রঃ ৫৯.০০.০০০০.১২৬.১১৬.০১.২০০৮-(১ম খন্ড)-৭০; তারিখঃ ০৬/০৫/২০১৮ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রে দু'টি বিবেচ্য বিষয় রয়েছে, যথা-(ক) সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রয়োজনের অতিরিক্ত আসবাবপত্র ক্রয় এবং (খ) সরবরাহকৃত আসবাবপত্রের নিম্নমান। দফাওয়ারী এ বিষয়ে মতামত নিম্নরূপঃ


(ক) অতিরিক্ত আসবাবপত্র ক্রয়ঃ ক্রয়কারী প্রয়োজনানুসারে ক্রয় পরিকল্পনা ও বরাদ্দকৃত বাজেট বিবেচনায় যে পরিমান/সংখ্যক পণ্য/সেবার জন্য দরপত্র আহ্বান করে ঠিক সেই পরিমান/সংখ্যাই দরদাতাকে প্রস্তাব করতে হয়। দরপত্র মূল্যায়নের পর একই পরিমান/সংখ্যক পণ্য/সেবা নির্ধারিত স্পেসিফিকেশন এবং নির্দিষ্ট সময়ে সরবরাহের জন্য চুক্তি সম্পাদিত হয়। কোন কারণে, পণ্য/সেবার কারিগরী বিনির্দেশ, সংখ্যা ইত্যাদির কোনরূপ পরিবর্তনের প্রয়োজন হলে চুক্তির সাধারণ শর্তাবলীর [General Conditions of Contract (GCC)]-এর আওতায় ভেরিয়েশন অর্ডার এর মাধ্যমে চুক্তি সংশোধন করা যায়। ফলে চুক্তি ও পরিমান/সংখ্যা পরিবর্তনের কোন বিধান নেই। এমতাবস্থায়, চুক্তি অনুযায়ী সরবরাহ করা হয়ে থাকলে পণ্যের সংখ্যাতিরিক্তের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানকে দায়বদ্ধ করার সুযোগ নেই।

(খ) সরবরাহকৃত আসবাবপত্রের নিম্নমানঃ সরবরাহকৃত আসবাবপত্র চুক্তিতে উল্লিখিত বিনির্দেশ (Specification) অনুযায়ী না হলে বিষয়টি চুক্তির সাধারণ ও বিশেষ শর্তাবলীর আওতায় নিষ্পন্ন করতে হবে। এ বিষয়ে আদর্শ দরপত্র দলিল, PG-3 এর Section 3 (General Conditions of Contract) এর Clause-30 তে বিশদ সংস্থান আছে। এ ক্ষেত্রে সরবরাহকারী বিনির্দেশ অনুযায়ী পণ্য সরবরাহে ব্যর্থ হলে ক্রয়কারী কর্তৃক সেই পণ্য গ্রহণ করার সুযোগ নেই। উপরন্তু এ ক্ষেত্রে ক্রয়কারী যথাযথ প্রক্রিয়ায় Clause 28 এর নির্দেশনা অনুযায়ী কার্য-সম্পাদন জামানত (performance security) হতে অর্থ কর্তন করতে পারে এবং চুক্তির মৌলিক শর্ত ভংগ করার কারণে পিপিআর, ২০০৮ এর বিধি-১২৭(৪) অনুযায়ী সরবরাহকারীর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে পারে।

০২। সরবরাহকৃত পণ্যের মূল্য পরিশোধের বিষয়ে চুক্তিতে উল্লিখিত শর্তাবলী [PG3: Clause 25: Terms of Payment (Section 3)] প্রযোজ্য হবে। চুক্তি বাস্তবায়নাদীন সময়ে সরবরাহকারীর সংগে নেগোশিয়েশনপূর্বক মূল্য পরিশোধের কোন সংস্থান পিপিআর, ২০০৮ এবং পণ্য ক্রয়ের জন্য প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল (STD)-এ নেই। তবে ক্রয়কারী এবং সরবরাহকারীর মধ্যে কোন সাংঘর্ষিক অবস্থার উদ্ভব হলে GCC এর Settlement of Disputes Clause এর আওতায় পদক্ষেপ গ্রহণ করা যাবে।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


০১৭১৮
(মোসাম্মা হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

(দৃঃ আঃ-সহকারী সচিব, প্রকল্প বাস্তবায়ন-১শাখা)

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

- ১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।